# Times Today BD

কাজী শহিদুল্লাহ তনয় | দেশজুড়ে | 01 May, 2025

নানা জল্পনা-কল্পনার অবসান ঘটিয়ে দীর্ঘ ৩২ বছর পর জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ছাত্র সংসদ ও হল সংসদ (জাকসু) নির্বাচনের তফসিল ঘোষণা করা হয়েছে।এছাড়া আগামী ৩১ জুলাই নির্বাচন আয়োজনের কথা বলেছে প্রশাসন।

বুধবার (৩০ এপ্রিল) রাত ১২টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের কাউন্সিল কক্ষে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মোহাম্মদ কামরুল আহসান ও প্রধান নির্বাচন কমিশনার অধ্যাপক মনিরুজ্জামান এক সংবাদ সম্মেলনে এ তফসিল ঘোষণা করেন।

এর আগে গত মঙ্গলবার সন্ধ্যা ৭ টায় বিশ্ববিদ্যালয়ের সিনেট হলে মতবিনিময় সভা শুরু হয়ে টানা ১০ ঘণ্টার সভা শেষে আজ বুধবার নির্বাচনের তফসিল ঘোষণার কথা জানায় বিশ্ববিদ্যালয় প্রশাসন।

নির্বাচন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়,

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 17:47

URL: https://timestodaybd.com/across-the-country/1712775807